# উপজেলা পরিষদ কার্যালয়
# সিলেট সদর, সিলেট ।

সিলেট সদর উপজেলার ৫ম পরিষদের ৪৯ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : জনাব আশফাক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট ।
তারিখ : ১১-০৫-২০২৩ খ্রিঃ ।
সময় : সকাল ১০.০০ ঘটিকায় ।

সভায় উপস্থিতি ও অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার শুরু করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণি পাঠ ও অনুমোদন। | সভায় উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সবাইকে স্বাগত জানান । অতপর সভাপতির অনুমতিক্রমে বিগত সভার কার্যবিবরণি সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণিতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং দৃঢ়ীকরণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ০২ | | বিভাগীয় অগ্রগতি পর্যালোচনাঃ- | | |
| | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | (ক) আলোচনার শুরুতে প্রতিনিধি,উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট বলেন, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । তিনি আরও জানান,উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষের অরিরিক্ত ইনটেরিয়র ডিজাইন, অনারবোর্ড, পর্দা, সম্প্রসারিত ভবনের চারটি কক্ষ রং করন, বাতরুমের চারটি দরজা ক্রয়, এসি ওয়ারিং বাবদ-৪,০০,০০০/-(চার লক্ষ) টাকার প্রাক্কলন উপস্থাপন করেন । তিনি উক্ত প্রাক্কলন অনুমোদন ও উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বাসাবাড়ি/অফিস রক্ষনাবেক্ষন মেরামত খাত হতে বাস্তবায়নের প্রস্তাব করেন ।<br><br>(গ) আলোচনাকালে অদ্য সভার সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান বলেন, সাম্প্রতিক ঘূর্নিঝড়ের কারণে সদর উপজেলা চা বাগান এলাকায় বেশ কিছু চা শ্রমিকের ঘর বাড়ি ভেঙ্গে গেছে, কার কার চাল উড়িয়ে নিয়ে গেছে। বর্তমানের তাঁরা খোলা আকাশের নিচে বসবাস করছে । তিনি উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে অপ্রত্যাশিত খাত হতে ঘূর্ণিঝড়ের আঘাতে ক্ষতিগ্রস্থ চা শ্রমিকদের ঘর সংস্কার/মেরামতের জন্য প্রস্তাব করেন। সেই প্রেক্ষিতে উপজেলা প্রকৌশলী সম্ভাব্য ১,৮০,০০০/-(এক লক্ষ আশি) হাজার টাকার প্রাক্কলন অদ্য সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন ।<br>(ঘ) আলোচনাকালে ৩নং খাদিমনগর ইউপি চেয়ারম্যান নক্সা অনুমোদন ফি বিভাজনের প্রস্তাব করেন । তিনি আগামী বছর দ্রুত এডিপি ও উন্নয়ন তহবিলের প্রকল্প গ্রহণের প্রস্তাব করেন ।<br><br>(ঙ) আলোচনাকালে ৭নং মোগলগাঁও ইউপি চেয়ারম্যান আগামী বছর দ্রুত এডিপি ও উন্নয়ন তহবিলের প্রকল্প গ্রহণের প্রস্তাব করেন এবং চলতি বছরে পিআইসির মাধ্যমে বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত প্রকল্পের দ্রুত প্রাক্কলন প্রদানের প্রস্তাব করেন । | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষের অরিরিক্ত ইনটেরিয়র ডিজাইন, অনারবোর্ড, পর্দা, সম্প্রসারিত ভবনের চারটি কক্ষ রং করন, বাতরুমের চারটি দরজা ক্রয়, এসি ওয়ারিং বাবদ-৪,০০,০০০/-(চার লক্ষ) টাকার প্রাক্কলন অনুমোদিত হয় এবং চলতি অর্থবছরে সিলিং অতিক্রম হওয়ায় আগামী অর্থবছরে উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের বাসাবাড়ি/অফিস রক্ষনাবেক্ষণ খাত হতে দরপত্রের(আরএফকিউ)মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১.২) সভায় সর্বসম্মতিক্রমে ঘূর্নিঝড়ের কারণে ক্ষতিগ্রস্থ চা শ্রমিকদের ঘর সংস্কার/মেরামতের লক্ষ্যে প্রস্তুতকৃত ১,৮০,০০০/-(এক লক্ষ আঁশি হাজার) টাকার প্রাক্কলন অদ্য সভার অনুমোদিত হয় এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে অপ্রত্যাশিত খাত হতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>১.৩) সভায় চলতি বছরে পিআইসির মাধ্যমে বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত প্রকল্পের দ্রুত প্রাক্কলন প্রদানের এবং আগামী বছরে জুলাই/আগস্টের মধ্যে এডিপি ও উন্নয়ন তহবিলের প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>১.৪) উপজেলা পরিচালন ও উন্নয়ন | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/সিলেট সদর, সিলেট । |

| | | | |
|---|---|---|---|
| | (চ) আলোচনাকালে উপজেলা প্রকৌশলী জানান, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় কান্দিগাঁও ইউপির বাদেআলী ও জালালাবাদ ইউপির আলীনগর পালপুর এলাকায় বারিড পাইপ স্থাপন প্রকল্পের প্রাক্কলনে ১০ এইচপি মটর অর্ন্তভূক্ত আছে কিন্তু তাতে পানি ভালো আসে না সেখানে ১৫ এইচপি মটর স্থাপন করা প্রয়োজন। যার বাজার মূল্য প্রতি ১০ এইচপি মটরের চেয়ে ৬৯,০০০/-(উনসত্তর হাজার) টাকা বেশী সুতরাং দুটি স্থানের জন্য ২টি ১৫ এইচপি মটর স্থাপন বাবদ অতিরিক্ত-১,৩৮,০০০/-(এক লক্ষ আটত্রিশ হাজার) টাকা প্রয়োজন। তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন। | প্রকল্পের আওতায় কান্দিগাঁও ইউপির বাদেআলী ও জালালাবাদ ইউপির আলীনগর পালপুর এলাকায় বারিড পাইপ স্থাপন প্রকল্পে ২টি ১০ এইচপি মটরের জায়গায় ১৫ এইচপি মটর স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। ২টি ১৫ এইচপি মটর স্থাপনের অতিরিক্ত ব্যয় বাবদ- ১,৩৮,০০০/-(এক লক্ষ আটত্রিশ হাজার) টাকা উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| স্বাস্থ্য বিভাগ | আলোচনাকালে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা,সিলেট সদর, সিলেট ও সংশ্লিষ্ট সকল। |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | আলোচনাকালে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/উপজেলা শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর , সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান, বর্তমানে সারের দাম কিছুটা বৃদ্ধি পেয়েছে, ইউরিয়া আগে ২২ টাকা ছিলো বর্তমানে ২৭ টাকা, টিএসপি আগে ২২ টাকা ছিল এখন ২৭ টাকা, এমওপি-১৫ টাকা ছিল এখন ২০ টাকা ডিএপি আগে ১৬ টাকা ছিল এখন-২১ টাকা। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১। বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট |
| মৎস্য বিভাগ | উপজেলা সিনিয়র মৎস কর্মকর্তা সিলেট সদর, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি জানান, হাওড় এলাকায় বৈশাখ মাস থেকে বিভিন্ন দেশীয় মাছের প্রজনন মৌসুম শুরু হয়। বিশেষ করে শোল, টাকি, গজার, বোয়ালসহ আরো অন্যান্য মাছ ডিম ছাড়ে এবং পোনা হয়। কিন্তু বর্তমান সময়ে বাজারসহ বিভিন্ন এলাকায় পোনামাছ ধরা ও বিক্রয় করা হচ্ছে। এর জন্য এবছর হাওরে নিয়মিতভাবে অভিযান, মোবাইল কোর্ট বাস্তবায়নের জন্য মন্ত্রনালয় থেকে নির্দেশা দেওয়া হয়েছে। স্থানীয় জনপ্রতিনিধিসহ সকলের সহযোগিতা পেলে দেশীয় মাছ রক্ষা করা সম্ভব হবে।সভায় তিনি নিয়মিত অভিযান/মোবাইল কোর্টসহ সকলকের সহযোগিতা কামনা করেন। | ১.১) বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং দেশীয় প্রজাতিসহ মৎস্য সংরক্ষণ আইনে নিষিদ্ধ সকল প্রকার মাছ, কারেন্টজাল ও অবৈধ জালের বিরুদ্ধে নিয়মিত মোবাইল কোর্ট করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| প্রাণিসম্পদ বিভাগ | সভার শুরুতে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |

| | | | |
|---|---|---|---|
| সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান সমাজসেবা বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| মহিলা বিষয়ক বিভাগ | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায়নি । | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সাফল্যের সাথে অব্যাহত রাখতে হবে । | উপ-পরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সিলেট । |
| জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে | ১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সাফল্যের সাথে অব্যাহত রাখার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য/ ইউপি চেয়ারম্যান (সকল) |
| পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা সাফল্যের সাথে অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট জানান, খাদ্য বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে । | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ি আমার খামার প্রকল্প) | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি । | ১.১। বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। স সহ স১দ | উপজেলা সমন্বয়কারী, আবাআকা প্রকল্প |
| বন বিভাগ | বিট কর্মকর্তা, খাদিমনগর বন বিট, সিলেট সদর, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি । | ১.১। বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা বন কর্মকর্তা |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সদর, সিলেট । |
| সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল, সদর, সিলেট । |
| উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাহী অফিসার জানান, ইউনিয়ন পরিষদ নির্বাচনে অংশগ্রহন করার লক্ষ্যে অনেক আগেই উপজেলা পরিষদের সংরক্ষিত-০১ আসনের মহিলা সদস্য মিজ্ মঞ্জলা রানী সূত্রধর তাঁর পদ থেকে অব্যহতি নেন। বর্তমানে সিলেট সিটি কর্পোরেশন নির্বাচনে অংশগ্রহণ করার লক্ষ্যে উপজেলা পরিষদের সংরক্ষিত-০২ আসনের মহিলা সদস্য মিজ্ শিরিন আক্তার এবং উপজেলা পরিষদের সংরক্ষিত-০৩ আসনের মহিলা সদস্য মিজ্ লাভলী বেগম তাঁদের পদ থেকে অব্যহতির জন্য আবেদন করেছেন। উক্ত ০৩টি সংরক্ষিত পদ শূণ্য ঘোষনা ও উক্ত পদে নির্বাচনের বিষয়ে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের প্রস্তাব করেন। | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে এবং উপজেলা পরিষদের ০৩ টি সংরক্ষিত মহিলা সদস্য পদ শূণ্য ঘোষনা ও উক্ত পদে নির্বাচনের বিষয়ে স্থানীয় সরকার বিভাগ ও নির্বাচন কমিশন বরাবর পত্র প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাচন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল । |
| ৩ কমিটির সুপারিশ পর্যালোচনা | চলতি মাসে কোন কমিটির সুপারিশ না থাকায় এ বিষয়ে কোন আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি। | ১.১) উপজেলা পরিষদের ১৭ টি কমিটির নিয়মিত দ্বি মাসিক সভা আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভাপতি ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি, সিলেট সদর, সিলেট । |
| ৪।নতুন সার্কুলার, প্রজ্ঞাপন | নতুন সার্কুলার, প্রজ্ঞাপন, বিধি অগ্রগতির বিষয়ে আলোচনাকালে নতুন কোন সার্কুলার, প্রজ্ঞাপন বিধি অগ্রগতি না থাকায় এ বিষয়ে আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি । | | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |
| ৫।মাননীয় উপদেষ্টার পরামর্শে | মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এ বিষয়ে আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি। | মাননীয় উপদেষ্টার নতুন কোন পরামর্শ না থাকায় এ বিষয়ে আলোচনা বা সিদ্ধান্ত গৃহীত হয়নি। | |
| ৬। নিয়মিত রাজস্ব ব্যয় | চলতি মাসে কোন অনিয়মিত রাজস্ব ব্যয় নাই। | ১.১। সভায় সর্বসম্মতিক্রমে উপস্থাপিত বিল অনুমোদিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট |

<table>
<tr>
<td>৭। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প</td>
<td>ইউডিএফ,উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, সিলেট সদর, সিলেট জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।</td>
<td>১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।</td>
<td>সংশ্লিষ্ট সকল, সদর, সিলেট ।</td>
</tr>
<tr>
<td>৮। জন্ম ও মৃত্যু নিবন্ধন</td>
<td>
<table>
<tr><th rowspan="2">ইউনিয়নের নাম</th><th colspan="2">জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন</th><th rowspan="2">মন্তব্য</th></tr>
<tr><th>জন্ম</th><th>মৃত্যু</th></tr>
<tr><td>জালালাবাদ</td><td>১৬</td><td>৫</td><td></td></tr>
<tr><td>হাটখোলা</td><td>৩১</td><td>৮</td><td></td></tr>
<tr><td>খাদিমনগর</td><td>৩৬</td><td>৮</td><td></td></tr>
<tr><td>খাদিমপাড়া</td><td>৫১</td><td>১২</td><td></td></tr>
<tr><td>টুকেরবাজার</td><td>১৫</td><td>৮</td><td></td></tr>
<tr><td>মোগলগাঁও</td><td>৪৪</td><td>০০</td><td></td></tr>
<tr><td>কান্দিগাঁও</td><td>৬১</td><td>১০</td><td></td></tr>
</table>
</td>
<td>১.১ বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলে নিজ নিজ দায়িত্ব গুরুত্ব সহকারে পালন করতে হবে ।</td>
<td>চেয়ারম্যান (সকল) ইউনিয়ন পরিষদ ও সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট ।</td>
</tr>
<tr>
<td>০৯। বিবিধ</td>
<td>বিবিধ-০১। আলোচনাকালে সহাকারী প্রোগামার, সিলেট সদর,সিলেট জানান, সিলেট সদর উপজেলা ডিজিটাল সেন্টারে নিযুক্ত উদ্যোক্তা জনাব মনোয়ার হোসেন লিটু ইউপি নির্বাচনের অংশগ্রহন করার নিমিত্ত উক্ত উদ্যোক্তা পদ থেকে পদত্যাগ করেন, তাঁর স্থলে জালাল উদ্দিন নামে একজনকে দিয়ে সাময়িক কাজ পরিচালিত হয়। এই জালাল উদ্দিন বিভিন্ন অবৈধ কাজের সাথে জড়িত, তাঁর বিরুদ্ধে একটি লিখিত অভিযোগ পাওয়া যায়। সেই অভিযোগকারী আবার অভিযোগ তুলেও নেন ।এছাড়া মহিলা উদ্যোক্তা পদটি অনেক দিন ধরে শূণ্য। তিনি এই জালাল উদ্দিন কে পুরুষ উদ্যোক্তা হিসেবে বহাল রাখা হবে কিনা এবং একজন মহিলা উদ্যোক্তা নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের প্রস্তাব করেন।<br><br>বিবিধ-২:- আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট ঈদ উল ফিতরের সময়ে উপজেলা পরিষদের নিরাপত্তার দ্বায়িতে কর্মরত আনসার সদস্যদের দৈনিক ভাতা বাবদ-১০৫০০/-(দশ হাজার পাঁচ শত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের নিরাপত্তা খাত হতে পরিশোধের জন্য উপস্থাপন করেন ।<br><br>বিবিধ-৩-আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের স্থায়ী হাটবাজার নিলাম বিজ্ঞপ্তির পত্রিকা বিজ্ঞপ্তি বিল বাবদ দৈনিক সমকাল পত্রিকার -৬২,১০০/-(বাষট্টি হাজার একশত)টাকা এবং-দৈনিক উত্তরপূর্ব পত্রিকার-২৯,৯৪৬/-(উনত্রিশ হাজার নয়শত ছিচল্লিশ)টাকার বিল পাওয়া গেছে। উক্ত বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের পত্রিকা বিজ্ঞপ্তি বিল খাত হতে পরিশোধের জন্য প্রস্তাব উপস্থাপন করেন ।<br><br>বিবিধ-০৪-আলোচনাকালে অদ্য সভার সভাপতি জানান, চা বাগান এলাকায় অবস্থিত তিনটি স্কুলে বৈদ্যুতিক পাখা প্রদানের জন্য আবেদন পাওয়া গেছে। উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস কক্ষ ও উপজেলা পরিষদ সভাকক্ষের ইন্টেরিয়র কাজ হওয়াতে কিছু পুরাতন বৈদ্যুতিক পাখা আছে সেগুলো এখন আর ব্যবহার হচ্ছে না। অদ্য সভায় অনুমোদিত হলে সেই বৈদ্যুতিক পাখা গুলো আবেদনকৃত –লাক্কাতুরা প্রাথমিক বিদ্যালয়, কেওয়াছড়া প্রাথমিক বিদ্যালয়, খাদিম নির্মলা জুনিয়র উচ্চ বিদ্যালয়কে প্রদান করা যেতে পারে।</td>
<td>১.১) সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ ডিজিটাল সেন্টারে একজন মহিলা উদ্যোক্তা নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয় এবং জনাব জালাল উদ্দিন কে পুরুষ উদ্যোক্তা হিসেবে বহাল রাখা হবে কিনা এ বিষয়ে আগামী মাসিক সভায় সিদ্ধান্ত গৃহীত হবে ।<br><br>১.২) সভায় সর্বসম্মতিক্রমে ঈদ উল ফিতরের সময়ে উপজেলা পরিষদের নিরাপত্তার দ্বায়িতে কর্মরত আনসার সদস্যদের দৈনিক ভাতা বাবদ-১০৫০০/-(দশ হাজার পাঁচ শত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের নিরাপত্তা খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br><br>১.৩) উপজেলা পরিষদের স্থায়ী হাটবাজার নিলাম বিজ্ঞপ্তির পত্রিকা বিজ্ঞপ্তি বিল বাবদ দৈনিক সমকাল পত্রিকার -৬২,১০০/-(বাষট্টি হাজার একশত)টাকা এবং-দৈনিক উত্তরপূর্ব পত্রিকার-২৯,৯৪৬/-(উনত্রিশ হাজার নয়শত ছিচল্লিশ)টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের পত্রিকা বিজ্ঞপ্তি বিল খাত হতে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১.৪) সভায় সর্বসম্মতিক্রমে উপজেলা পরিষদ চেয়ারম্যানের অফিস কক্ষ ও উপজেলা পরিষদ সভাকক্ষের পুরাতন বৈদ্যুতিক গুলো আবেদনকৃত – লাক্কাতুরা প্রাথমিক বিদ্যালয়, কেওয়াছড়া প্রাথমিক বিদ্যালয়, খাদিম নির্মলা জুনিয়র উচ্চ বিদ্যালয়কে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td>চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট</td>
</tr>
</table>

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আশফাক আহমদ
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
সিলেট সদর, সিলেট।

স্মারক নং:-৪৬.৪৫.৯১৬২.০০০.০২.০০১.১৯. ২২ (৫০)
তারিখ: ১৭/ ০৫/ ২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৩। জেলা প্রশাসক, সিলেট।
৪। মাননীয় পররাষ্ট্র মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট।
৭। উপজেলা ----------------------------------কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), সিলেট সদর, সিলেট।
৮। চেয়ারম্যান,-------------------- ------------ইউ/পি (সকল) সিলেট সদর, সিলেট।
৯। জনাব/বেগম,-----------------সিলেট সদর, সিলেট।
১০। অফিস নথি।

নুসরাত আজমেরী হক
উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট।

পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | | |
|---|---|---|
| ০১) | জনাব মিল্লাত আহমদ চৌধুরী | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট। |
| ০২) | মিজ্ মোছা: শামীমা আক্তার | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট। |
| ০৩) | জনাব মোহাম্মদ ওবায়দুল্লাহ ইসহাক | চেয়ারম্যান, ১নং জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৪) | জনাব রফিকুজ্জামান | চেয়ারম্যান, ২নং হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৫) | জনাব দিলোয়ার হোসেন | চেয়ারম্যান, ৩নং খাদিমনগর ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৬) | জনাব আফছর আহমদ | চেয়ারম্যান,৪নং খাদিমপাড়া ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৭) | জনাব শফিকুর রহমান | চেয়ারম্যান, ৬নং টুকেরবাজার ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৮) | জনাব হিরণ মিয়া | চেয়ারম্যান, ৭নং মোগলগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ০৯) | জনাব মো: আব্দুল মনাফ | চেয়ারম্যান, ৮নং কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। |
| ১০) | জনাব অপুর্ব লাল সরকার | উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ১১) | জনাব দ্বিজরাজ বর্মন | সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১২) | জনাব আবুল মনসুর আসজাদ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৩) | ডা: আহমদ সিরাজুর মুনীর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৪) | জনাব মুহাম্মদ হিরণ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৫) | জনাব মো: হাসানুজ্জামান | উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট। |
| ১৬) | জনাব অভিজিৎ কুমার পাল | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ১৭) | জনাব আব্দুল জলিল তালুকদার | উপজেলা শিক্ষা অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ১৮) | মিজ্ নুসরাত-এ-ইলাহী | উপজেলা সমাজসেবা অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ১৯) | জনাব আব্দুল্লাহ আল মামুন | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সিলেট সদর, সিলেট। |
| ২০) | মোহাম্মদ মনির হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২১) | জনাব লায়েছ মিয়া তালুকদার | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট। |
| ২২) | জনাব মো: আব্দুল আহাদ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২৩) | জনাব অলক বৈষ্ণব | ভারপ্রাপ্ত কর্মকর্তা, খাদিমনগর খাদ্য গুদাম, সিলেট সদর, সিলেট। |
| ২৪) | জনাব রাজীব কুমার দাস | ইউডিএফ, সিলেট সদর, সিলেট। |
| ২৫) | জনাব উজ্জল কুমার সিংহ | উপজেলা ব্যবস্থাপক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, সিলেট সদর, সিলেট। |
| ২৬) | মিজ্ মরিয়ম আক্তার | তথ্য সেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২৭) | জনাব আনোয়ার হোসেন | প্রতিনিধি, উপজেলা নির্বাচন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ২৮) | মিজ্ তানিয়া ইয়াসমিন | সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট। |
| ২৯) | জনাব শ্যামল চন্দ্র দাস | সহকারী প্রোগামার, আইসিটি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, সিলেট সদর, সিলেট। |

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | | |
|---|---|---|
| ০১) | মিজ্ শামছুন্নাহার | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট। |
| ০২) | জনাব রুপক তালুকদার | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। |
| ০৩) | মিজ্ ফারজানা সিরাজ সুমি | উপজেলা প্রকল্প কর্মকর্তা, পল্লীপ,বিআরডিবি সিলেট সদর, সিলেট। |
| ০৪) | জনাব জহিরুল ইসলাম | বিট কর্মকর্তা, খাদিমনগর বিট, সিলেট সদর, সিলেট। |
| ০৫) | ডা: নাহিদ আরজুমান বানু | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |

সিলেট সদর উপজেলা পরিষদের ৪৮ তম মাসিক সাধারণ সভায় উপস্থিতি স্বাক্ষর:- জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়। ~~[illegible]~~ ২২/০৫/২০২৬

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মিল্লাত আহমদ চৌধুরী | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট। | |
| ২ | মোছা: শামীমা আক্তার | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট | Shamima |
| ৩ | মোহাম্মদ ওবায়দুল্লাহ ইসহাক | চেয়ারম্যান ১নং জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ৪ | রফিকুজ্জামান | চেয়ারম্যান ২নং হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ৫ | দিলোয়ার হোসেন | চেয়ারম্যান ৩নং খাদিমনগর ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ৬ | আফছর আহমদ | চেয়ারম্যান ৪নং খাদিমপাড়া ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ৭ | শফিকুর রহমান | চেয়ারম্যান ৬নং টুকেরবাজার ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ৮ | হিরণ মিয়া | চেয়ারম্যান ৭নং মোগলগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। | ২২-৫-২৬ |
| ৯ | মো: আব্দুল মনাফ | চেয়ারম্যান ৮নং কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। | ২২.৫.২৬ ইং |
| ১০ | মোছা: শিরিন আক্তার | সংরক্ষিত মহিলা সদস্য আসন-২, সিলেট সদর, সিলেট। | |
| ১১ | মোছা: লাভলী বেগম | সংরক্ষিত মহিলা সদস্য আসন-৩, সিলেট সদর, সিলেট। | |
| ১২ | অপূর্ব লাল সরকার | উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট। | ২২/০৫/২৬ |
| ১৩ | ডা: নাহিদ আরজুমান বানু | উপজেলা প্রানিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ১৪ | দ্বিজরাজ বর্মন | সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ১৫ | আবুল মনসুর আসজাদ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ১৬ | ডা: আহমদ সিরাজুম মুনীর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | 11/05/2023 |
| ১৭ | শামছুন্নাহার | প্রোগাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট। | |
| ১৮ | মুহাম্মদ হিরণ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | ২২/৫/২৬ |
| ১৯ | মো:হাসানুজ্জামান | উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট। | 11/04/2023 |
| ২০ | অভিজিৎ কুমার পাল | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | ২২.০৫.২০২৬ |
| ২১ | মো: আব্দুল জলিল তালুকদার | উপজেলা শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | ২২/০৫/২০২৬ |
| ২২ | মিজ্‌ নুসরাত-এ-ইলাহী | উপজেলা সমাজ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ২৩ | আব্দুল্লাহ আল মামুন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | ২২/০৫/২৬ |
| ২৪ | মোহাম্মদ মনির হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ২৫ | মোহাম্মদ লায়েছ মিয়া তালুকদার | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট। | |
| ২৬ | মো: আব্দুল আহাদ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | ২২/৫/২৬ |
| ২৭ | অঞ্জন কুমার দাস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট। | ২২/৫/২০২৬ |
| ২৮ | ~~মো: আতিকুর রহমান~~ জান্নাতুল ইয়াসমিন | সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট। | ২২.০৫.২৬ |
| ২৯ | রাজীব কুমার দাস | ইউডিএফ, সিলেট সদর, সিলেট। | ২২.০৫.২৬ |
| ৩০ | মোহাম্মদ ফরহাদ হোসেন | উপজেলা নির্বাচন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ৩১ | মিজ্‌ মরিয়ম আক্তার | তথ্য সেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | Mariam 11.05.2023 |
| ৩২ | উজ্জল কুমার সিংহ | উপজেলা ব্যবস্থাপক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, সিলেট সদর, সিলেট। | |